

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে ফলজ ও বনজ বৃক্ষের চারা বিতরণ কর্মসূচি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা-২০২৫ যথাযোগ্য মর্যাদায় পালন ও তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে ফলজ ও বনজ বৃক্ষের চারা বিতরণ কর্মসূচির আয়োজন করা হয়েছে।

আজ ৪ আগস্ট ২০২৫ তারিখ গাজীপুরের কাশিমপুরে অবস্থিত উদ্যান উন্নয়ন কেন্দ্রে এ কর্মসূচির মাধ্যমে স্থানীয় তিনটি স্কুল ও মাদ্রাসার ১০০ জন শিক্ষার্থীদের মাঝে একটি করে বিভিন্ন জাতের ফলজ ও বনজ বৃক্ষের চারা বিতরণ করা হয়। কর্মসূচি উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএডিসি-র সদস্য পরিচালক (অর্থ) জনাব সৌরেন্দ্র নাথ সাহা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন বিএডিসি-র উদ্যান উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব) ড. মো: ইসবাত। যুগ্মপরিচালক (উদ্যান) ড. মো: জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে চারা বিতরণ কর্মসূচি অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যক্রম পরিচালক, জাতীয় সবজি বীজ উৎপাদন কার্যক্রম জনাব মেছবাহউদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিভিন্ন স্কুল ও মাদ্রাসার বিপুল সংখ্যক শিক্ষার্থী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ বিএডিসি-র কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

